

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ২৯৩৯ ৪৩/ কিরআত (ﷺ كتاب القراءات عن رسول الله) পরিচ্ছেদঃ ৭. সূরা আল-লাইল

আরবী

حَدَّثَنَا هَنَّادُ، حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ، عَنِ الأَعْمَشِ، عَنْ إِبْرَاهِيمَ، عَنْ عَلْقَمَةَ، قَالَ قَدِمْنَا الشَّامَ فَأَتَانَا أَبُو الدَّرْدَاءِ فَقَالَ أَفِيكُمْ أَحَدٌ يَقْرَأُ عَلَىَّ قِرَاءَةَ عَبْدِ اللَّهِ قَالَ فَأَشَارُوا إِلَىَّ فَقُلْتُ نَعَمْ فَأَتَانَا أَبُو الدَّرْدَاءِ فَقَالَ قُلْتُ سَمِعْتُ سَمِعْتُ سَمِعْتُ عَبْدَ اللَّهِ يَقْرَأُ هَذِهِ الآيَةَ (واللَّيْلِ إِذَا يَغْشَى) قَالَ قُلْتُ سَمِعْتُ عَبْدَ اللَّهِ يَقْرَأُ هَذِهِ الآيَةَ (واللَّيْلِ إِذَا يَغْشَى) قَالَ قُلْتُ سَمِعْتُ يَقْرَؤُها (والليل إِذَا يغشى) (الذَّكَر وَالأَنْثَى) فَقَالَ أَبُو الدَّرْدَاءِ وَأَنَا وَاللَّهِ هَكَذَا سَمِعْتُ رَسُولَ اللّهِ صلى الله عليه وسلم يَقْرَؤُها وَهَوُلاَءِ يُرِيدُونَنِي أَنْ أَقْرَأُها (اخَلَقَ) فَلاَ أَتَابِعُهُمْ رَسُولَ اللّهِ صلى الله عليه وسلم يَقْرَؤُها وَهَوُلاَءِ يُرِيدُونَنِي أَنْ أَقْرَأُها (اخَلَقَ) فَلاَ أَتَابِعُهُمْ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثُ حَسَنُ صَحِيحٌ . وَهَكَذَا قِرَاءَةُ عَبْدِ اللّهِ بْنِ مَسْعُودٍ (وَاللّيْلِ إِذَا يَغْشَى * وَالنَّهَارِ إِذَا تَجَلَّى * وَالذَّكَرِ وَالأَنْتَى).

বাংলা

২৯৩৯। আলকামাহ (রাহঃ) হতে বর্ণিত, তিনি বলেন, আমরা সিরিয়ায় পৌছে আবৃদ দারদা (রাযিঃ)-এর নিকট হাযির হলাম। তিনি প্রশ্ন করলেন, তোমাদের মধ্যে এমন কেউ আছে কি যে 'আবদুল্লাহ ইবনু মাসউদের কিরাআত পাঠ করতে পারে? 'আলকামাহ বলেন, লোকেরা আমার দিকে ইশারা করে দেখালে আমি বললাম, হ্যাঁ আমি পারি। তিনি প্রশ্ন করলেন, তুমি "ওয়াল লাইলি ইযা ইয়াগশা" আয়াতটি আব্দুল্লাহকে কিভাবে তিলাওয়াত করতে শুনেছ? আমি বললাম, আমি তাকে "ওয়াল-লাইলি ইযা ইয়াগশা ওয়ায-যাকারি ওয়াল-উনসা" এভাবে তিলাওয়াত করতে শুনেছি। আবৃদ দারদা (রাযিঃ) বললেন, আল্লাহ তা'আলার কসম! আমিও রাস্লুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম কে এভাবেই তিলাওয়াত করতে শুনেছি। কিন্তু এসব লোক তো আমাকে "ওয়ামা খালাকায-যাকারা ওয়াল-উনসা" এভাবে পাঠ করাতে চাচ্ছে। আমি তাদের অনুসরণ করি না।

সহীহঃ বুখারী (৪৯৪৩, ৪৯৪৪), মুসলিম (২/২০৬)।

আবূ ঈসা বলেন, এ হাদীসটি হাসান সহীহ। আবদুল্লাহ ইবনু মাসউদ (রাযিঃ)-এর কিরাআত এরূপইঃ ওয়াল লাইলি ইযা- ইযাগশা- ওয়ান নাহারি ইযা তাজাল্লা-ওয়াযযাকারি ওয়াল উনসা।



English

Narrated 'Algamah:

"We arrived in Ash-Sham and we went to Abu Ad-Darda. So he said: 'Is there any among you who can recite for me according to the recitation of 'Abdullah?'" He said: "They pointed to me, so I said: 'Yes, [I (can recite)].' He said: 'How did you hear 'Abdullah recite this Ayah: By the night as it envelopes?'" He said: "I said: 'I heard him recite it: "Wal-Laili Idha Yaghsha, Wadh-Dhakari Wal-Untha" Abu Ad-Darda said: 'Me too, By Allah, this is how I heard the Messenger of Allah () reciting it. But these people want me to recite it: Wa Ma Khalaqa but I will not follow them.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ আলকামাহ (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন